

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবি উপাচার্যের সঙ্গে ইউএনডিপি'র ভার্সুয়াল সভা অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইলের সঙ্গে জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (ইউএনডিপি) বাংলাদেশের একটি ভার্সুয়াল সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (৩ ডিসেম্বর ২০২৪) সন্ধ্যায় এ সভা অনুষ্ঠিত হয়। সভায় ইউএনডিপি'র 'ফিউচারনেশন' (Futurenation) প্রকল্পের কার্যক্রমে নোবিপ্রবি শিক্ষার্থীদের অংশগ্রহণ বিষয়ে আলোচনা হয়।

সভায় ইউএনডিপি কর্মকর্তাদের পক্ষ থেকে জানানো হয়, এ প্রকল্পের আওতায় নোবিপ্রবি শিক্ষার্থীরা ফুল ফান্ডেড স্কলারশিপের মাধ্যমে বিদেশি বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে কোর্স এবং ব্রিটিশ কাউন্সিলের সোশ্যাল এন্ড বিজনেস ইংলিশ কোর্স সম্পন্ন করতে পারবে। এছাড়া শিক্ষার্থীরা ইউএনডিপি'র গ্রিন স্টার্টআপ চ্যালেঞ্জে অংশ নিয়ে তাদের স্টার্টআপের জন্য সিডফান্ডিং পাওয়ার সুযোগ পাবে। পাশাপাশি ভবিষ্যতে নোবিপ্রবি ক্যাম্পাসে 'জব ফেয়ার' আয়োজন করা হলে সেখানে মানসম্মত নিয়োগদাতা প্রতিষ্ঠানের অংশগ্রহণ নিশ্চিত কৌশলগত সহায়তা প্রদান করবে ইউএনডিপি।

এ সময় নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের একাডেমিক ও পেশাগত উৎকর্ষতা বৃদ্ধির লক্ষ্যে ইউএনডিপি'র এ উদ্যোগের প্রশংসা করেন ও সংশ্লিষ্টদের ধন্যবাদ জানান। পাশাপাশি দক্ষ গ্র্যাজুয়েট তৈরির লক্ষ্যে এ ধরনের কোলাবরেশন কার্যক্রমের কলেবর প্রসারিত করার আশাবাদ ব্যক্ত করেন।

ভার্সুয়াল সভায় নোবিপ্রবির পরিবেশ বিজ্ঞান ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ মহিনুজ্জামান, ইউএনডিপি বাংলাদেশের মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন অ্যাসোসিয়েট শামীমা পারভীন, প্রাইভেট সেক্টর এমপ্লয়মেন্ট প্রোগ্রামের এক্সিকিউটিভ খন্দকার আবির হোসেন নূর ও ইউএনডিপি ফিউচারনেশন ক্যাম্পাস ফ্যাসিলিটিটর মাহমুদুল হাসান অংশ নেন।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪